

REDD+ সম্পর্কে ধারণা

Factsheet About REDD+



REDD+ কী?

বিশ্বজুড়ে যে পরিমাণ গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ হয় তার ১১ শতাংশ হয় বন উজাড় এবং বন অবক্ষয়ের কারণে। সময় বিশ্বের পরিবহন খাতে যে পরিমাণ গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ হয় তার চেয়ে এই পরিমাণ বেশী এবং জলানী খাতের পরেই এর অবস্থান।

এই প্রেক্ষাপটে, উন্নয়নশীল দেশগুলোকে বন উজাড় এবং বন অবক্ষয়ের কারণে যে কার্বন নিঃসরণ হয় তা কমানোর জন্য উৎসাহিত করতে ইউনাইটেড নেশনস ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঙে (UNFCCC) এর আওতাভুক্ত দেশগুলো কিছু পদক্ষেপ গ্রহণ করে। জলবায়ু পরিবর্তন প্রশমনের জন্য UNFCCC কর্তৃক গৃহীত এই পদক্ষেপই REDD+ নামে পরিচিত। মূলত উন্নয়নশীল দেশসমূহের বন উজাড় ও বনের অবক্ষয় হতে কার্বন নিঃসরণ কমানো; বনভূমির কার্বন সংরক্ষণ, বনের কার্বন মজুদ বৃদ্ধিতে সহায়তা এবং বনের টেকসই ব্যবস্থাপনা ও সক্ষমতা তৈরিতে REDD+ কাজ করছে।

জলবায়ু পরিবর্তন প্রশমনের কাজে উন্নয়নশীল দেশগুলোকে উৎসাহিত করতে REDD+ এর উদ্দেশ্যগুলো হল:

- বনের উজাড় রোধ করে কার্বন নিঃসরণ হ্রাস করা;
- বনের অবক্ষয় রোধ করে কার্বন নিঃসরণ হ্রাস করা;
- বনের কার্বন মজুদ সংরক্ষণ করা;
- বনের টেকসই ব্যবস্থাপনা করা এবং
- বনের কার্বন মজুদের পরিমাণ বৃদ্ধি করা।

REDD

“+”

REDD+ এর জন্য UNFCCC ওয়ারশো ফ্রেমওয়ার্কের উপাদানসমূহ:



REDD+ কিভাবে উন্নয়নশীল দেশগুলোকে সুবিধা দিচ্ছে?

যেসব উন্নয়নশীল দেশ UNFCCC কর্তৃক নির্ধারিত REDD+ এর ওয়ারশো উপাদান সমূহকে মেনে চলে কার্বন নিঃসরণ করাতে পারবে তাদের ক্ষেত্রে ফলাফলের যাচাইপূর্বক হ্রাসকৃত নিঃসরণের জন্য আর্থিক সহায়তা লাভের সুযোগ তৈরী হবে। এভাবে REDD+ উন্নয়নশীল দেশগুলোকে কার্বন নিঃসরণ হ্রাস করার পাশাপাশি এমন এক টেকসই উন্নয়নের পথে মেঠে উৎসাহিত করছে, যে পথে কার্বন নিঃসরণের মাত্রা কম হয়।

REDD+ এর কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সংশ্লিষ্ট দেশগুলো তাদের জাতীয় জীববৈচিত্র্য সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলায় বৈশ্বিক লড়াইয়ে সহযোগিতা করবে। পরিবেশগত সুফলের পাশাপাশি REDD+ সামাজিক এবং অর্থনৈতিক সুবিধাও প্রদান করবে। সম্প্রতি, REDD+ কে সবুজ অর্থনীতির কৌশল হিসেবে গণ্য করা হচ্ছে।

২০১৫ সালের সেপ্টেম্বরে বিশ্বনেতারা টেকসই উন্নয়নের জন্য যে ‘Transformative Agenda-2030’ গ্রহণ করেছিলেন, তা অর্জনের লক্ষ্যে REDD+ কার্যক্রমের প্রয়োজন। এই Agenda-এর মাধ্যমে পরবর্তী ১৫ বছরে টেকসই উন্নয়নের জন্য ১৭টি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট দেশগুলোকে প্রচেষ্টা শুরু করার জন্য আহ্বান জানানো হয়। এই লক্ষ্যগুলোর মধ্যে REDD+ যেখানে সম্পৃক্ত সেগুলো হলো: জলবায়ু বিষয়ক কার্যাবলী (লক্ষ্য ১৩), সম্পদের দায়িত্বপূর্ণ ব্যবহার এবং উৎপাদন (লক্ষ্য ১২), জেডার সমতা (লক্ষ্য ৫), প্রকৃতিতে প্রাণের অস্তিত্ব রক্ষা (লক্ষ্য ১৫) এবং সম্মানজনক কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি (লক্ষ্য ৮) অর্জন।

REDD+ কেন গুরুত্বপূর্ণ?

বন উজাড় এবং বন অবক্ষয় দীর্ঘদিন ধরেই কার্বন নিঃসরণের গুরুত্বপূর্ণ উৎস হিসেবে বিবেচিত। যেহেতু গাছ কার্বন সংরক্ষণ করে এবং যখন এই গাছ কেটে ফেলা বা বন উজাড় করা হয় তখন গ্রীনহাউজ গ্যাসের (Carbon dioxide, Methane, Nitrous oxide & Fluorinated gases) নিঃসরণ হয় যা বায়ুমণ্ডলে ছড়িয়ে পড়ে এবং গ্রীনহাউজ গ্যাসের পরিমাণ বৃদ্ধি করে। বায়ুমণ্ডলে গ্রীনহাউজ গ্যাসের আধিক্যের কারণে জলবায়ুর পরিবর্তন ঘটে। যেহেতু নিঃসরিত মোট কার্বনের ১১ শতাংশ বন উজাড় এবং বন অবক্ষয়ের কারণে হয়ে থাকে, তাই এই নিঃসরণের পরিমাণ কমানো জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বৈশ্বিক পরিকল্পনার একটি অংশ। REDD+ এই উদ্দেশ্য পূরণে একটি ফলপ্রসূ কার্যপদ্ধতি।

কার্বন মজুদের পাশাপাশি বন আরও নানাভাবে আমাদের উপকারে আসে। যেমন: পানি নিয়ন্ত্রণ, মাটি সংরক্ষণ, অকাঠল বনজ সামগ্রী যেমন-খাদ্য ও তন্ত্র উৎপাদন, জলবায়ু নিয়ন্ত্রণ এবং জীববৈচিত্র্য সংরক্ষণ। প্রকৃতপক্ষে, আনন্দানিক ১৬০ কোটি মানুষ বনের উপর নির্ভরশীল। সুতরাং, বন সংরক্ষণের মাধ্যমে REDD+ উন্নয়নশীল দেশ এবং বন নির্ভর জনগোষ্ঠীগুলোকে বিস্তৃত পরিসরে সামাজিক, পরিবেশগত এবং অর্থনৈতিক সুবিধা প্রদান করে থাকে।



Photo: Md. Moniruzzaman

REDD+ এবং UN-REDD কর্মসূচির মধ্যে পার্থক্য কী?

REDD+ হল UNFCCC এর অঙ্গর্গত দেশগুলোর জলবায়ু পরিবর্তন প্রশমনের একটি স্বেচ্ছা প্রণোদিত পদক্ষেপ। উন্নয়নশীল দেশগুলো হতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ কমানো, বনের কার্বন মজুদ সংরক্ষণ, বনের টেকসই ব্যবস্থাপনা এবং কার্বন মজুদ বৃদ্ধিতে উৎসাহিত করাই হল এর উদ্দেশ্য।

অন্যদিকে উন্নয়নশীল দেশে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ কমানোর জন্য জাতিসংঘের সহযোগিতামূলক কর্মসূচি হল UN-REDD। মূলতঃ UN-REDD কর্মসূচি, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO), জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) ও জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP) এর সমন্বয়ে গঠিত পদক্ষেপ। জাতিসংঘের ইই তিনটি সংস্থার অভিভূতার আলোকে UN-REDD কর্মসূচি বাস্তবায়ন করা হয়ে থাকে। UN-REDD কর্মসূচি উন্নয়নশীল দেশগুলোকে REDD+ বাস্তবায়নের জন্য এবং UNFCCC এর প্রয়োজনীয় শর্ত সমূহ পূরণ করার লক্ষ্যে যে প্রযুক্তিগত সক্ষমতা দরকার তা অর্জনে সহযোগিতা করে। একটি জাতীয় কার্যক্রমের মাধ্যমে ইই সহযোগিতা দেয়া হয়ে থাকে। একই লক্ষ্যে বিশ্বব্যাংকের সহায়তায় আরও দুইটি কার্যক্রম রয়েছে যথা: Forest Carbon Partnership Facility এবং Forest Investment Program।

REDD+ এর “প্রস্তুতি” কী?

একটি দেশ UNFCCC এর ওয়ারশো framework-এর উপাদানগুলো প্রণয়নের লক্ষ্যে এবং REDD+ এর প্রস্তুতিমূলক পর্ব, পরীক্ষামূলক বাস্তবায়ন পর্ব এবং ফলাফলের ভিত্তিতে অর্থায়ন এর জন্য প্রয়োজনীয় সক্ষমতার উন্নয়নে যেসব উদ্যোগ গ্রহণ করে তাই REDD+ এর প্রস্তুতি। দ্বিপক্ষীয় এবং বহুপক্ষীয় পদক্ষেপের মাধ্যমে উন্নয়নশীল দেশগুলোতে REDD+ এর প্রস্তুতিতে সহায়তা প্রদান করা হয়ে থাকে। এসব সহায়তার বিভিন্ন ক্ষেত্রের মধ্যে রয়েছে - সুশাসন পদ্ধতি, অংশীদারদের অংশগ্রহণ, জাতীয় REDD+ কৌশল/কর্মপরিকল্পনা নির্ধারণ, সুরক্ষা তথ্য ব্যবস্থার রূপরেখা তৈরী, বন হতে কার্বন নিঃসরণের মাত্রা নির্ধারণ এবং জাতীয় বন পর্যবেক্ষণ পদ্ধতি প্রণয়নের জন্য অর্থনৈতিক এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান।



Photo: RIMS Unit, FD



Photo: Nishtora Support Project (FD/USAID)

REDD+ এর ধাপগুলো কী কী?

UNFCCC অনুসারে REDD+ এর তিনটি ধাপ রয়েছে। ধাপগুলো হল:

প্রথম ধাপ: প্রস্তুতিমূলক পর্ব

এ পর্যায়ে দেশগুলোতে সংশ্লিষ্ট অংশীদারদের সমন্বয়ে জাতীয় কৌশল এবং কর্মপরিকল্পনা, নীতিমালা ও পদক্ষেপ এবং সক্ষমতা তৈরির কার্যক্রম প্রণীত হয়। এ সময়ে REDD+ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সক্ষমতা তৈরীর কার্যক্রম চালু থাকে। এ ছাড়াও বন থেকে কার্বন নিঃসরণের মাত্রা নির্ধারণ ও জাতীয় বন পরিবেক্ষণ পদ্ধতি এবং পরিবেশ ও সামাজিক সুরক্ষা তথ্য ব্যবস্থা প্রণয়ন করা হয়।

দ্বিতীয় ধাপ: অঞ্চলীয়/পরীক্ষামূলক বাস্তবায়ন পর্ব

এ পর্যায়ে থাকে গৃহীত কর্মকৌশল বা কর্মপরিকল্পনা, নীতিমালা ও পদক্ষেপসমূহের প্রাথমিক বাস্তবায়ন। এ বাস্তবায়ন কালে গৃহীত কর্মকৌশলের পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা বিয়োজন করা এবং বাস্তবায়নে সক্ষমতা অর্জনের কার্যক্রম চলতে থাকে।

তৃতীয় ধাপ: জাতীয় পর্যায়ে ফলাফল ভিত্তিক কার্বন নিঃসরণ হাসের কার্যক্রমের বাস্তবায়ন পর্ব

এ পর্যায়ে গৃহীত কর্ম পরিকল্পনায় কার্বন নিঃসরণের মাত্রা কমিয়ে নিয়ে আসার লক্ষ্যে গৃহীত কর্মকৌশলের বাস্তবায়ন করা হয়। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে কিনা তা জানার জন্য জাতীয় পরিবেক্ষণ (Monitoring) পদ্ধতির প্রয়োগ এবং গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের মাত্রা নিরূপণ করা হয়। লক্ষ্যমাত্রা অর্জিত হলে এর উপর প্রতিবেদন (Reporting) তৈরী করে যাচাইয়ের (Verification) নিমিত্তে UNFCCC-তে পাঠানো হয়। নিরীক্ষায় উপযোগী প্রমাণ হলে অর্থাৎ কার্বন নিঃসরণের হার কমিয়ে আনতে (অথবা কার্বনের মজুদ বৃদ্ধি করতে) সক্ষম হলে ফলাফলের ভিত্তিতে আর্থিক সহায়তা প্রাপ্তির সুযোগ তৈরী হয়।

REDD+ এ অংশীদারদের অংশগ্রহণ কেন শুরুত্বপূর্ণ?

বেশ কিছু কারণে REDD+ বাস্তবায়নের জন্য অংশীদারদের পূর্ণ এবং কার্যকরী অংশগ্রহণ অত্যাবশ্যিকীয়। কারণগুলো হলো:

প্রথমত, জাতীয় REDD+ কৌশল/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে সংশ্লিষ্ট অংশীদারদের পূর্ণ এবং কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য UNFCCC নিয়মিতভাবে সহযোগী দেশগুলোকে আহ্বান জানিয়ে আসছে।

দ্বিতীয়ত, REDD+ এর শুরু হতেই অংশীদারদের অর্থবহ অংশগ্রহণের জন্য দাতা সংস্থা, ন্তৃত্বিক জনগোষ্ঠী, সুশীল সমাজ এবং REDD+ এর সহযোগী দেশগুলো জোরালো দাবি জানিয়ে আসছে।

তৃতীয়ত, REDD+ বাস্তবায়নে যে আমূল পরিবর্তনের প্রয়োজন তা বাস্তবায়নের জন্য সরকার, সুশীল সমাজ ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর মধ্যে ঐক্যমত দরকার, যা শুধুমাত্র অংশীদারীত্বের মাধ্যমেই অর্জন করা সম্ভব। অংশীদারদের অংশগ্রহণ শুধুমাত্র REDD+ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন পক্ষের দৃষ্টিভঙ্গিকে একত্রিত করাই নয় বরং অংশীদারিত্বকে আরো কার্যকর করে। এছাড়া ঐক্যমতের ভিত্তিতে এবং জেডার সংবেদনশীল নীতি প্রণয়ন করার ফলে REDD+ কার্যক্রম আরও অর্জনীয় এবং টেকসই হয়।

REDD+ এ বনের উপর নির্ভরশীল জনগোষ্ঠী বিশেষত ন্তৃত্বিক সম্প্রদায়গুলোকে সম্পৃক্ত করার জন্য বিশেষ শুরুত্ব দেয়া হয় কারণ তারা REDD+ এর লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় ভূমি এবং প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করতে পারে যা বন সংরক্ষণ এবং টেকসই ব্যবস্থাপনায় শুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।



সহযোগী পাঠ্য তথ্য:

UN-REDD Programme Collaborative Online Workspace: www.unredd.net

UNFCCC REDD+ page: bit.ly/UNFCCC-REDDpage

UNFCCC REDD+ Web Platform: red.unfccc.int

2030 Agenda for Sustainable Development: sustainabledevelopment.un.org

UNFCCC COP21 Paris Agreement: unfccc.int/resource/docs/cop21/eng/109.pdf

Forest Carbon Partnership Facility: [www.forestcarbonpartnership.org](http://www森林carbonpartnership.org)

মতামত ও পরামর্শের জন্য যোগাযোগের ঠিকানা

UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

ঠিকানা: ৫১৯, চতুর্থতলা, বন ভবন, প্লট: ই-৮, বি-২
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ

ইমেইল: pd-unredd@bforest.gov.bd
www.bforest.gov.bd

**UN-REDD
PROGRAMME**

